# ষষ্ঠ উপজেলা পরিষদের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মস্তাক আহমদ পলাশ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ২৬ জুন ২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ; পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, পাহাড়ী ঢলে পরপর আকস্মিক দুইটি বন্যা হওয়ার কারণে বিভিন্ন রোগে দেখা দিয়েছে এবং মাঠে মেডিকেল টিমের মাধ্যমে চিকিৎসা সেবার কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, পাহাড়ী ঢলে আকস্মিক বন্যায় বন্যা কবলিত এলাকায় অত্র উপজেলার প্রত্যেক ইউনিয়নে বিট পুলিশ ও কমিনিউটি পুলিশ দ্বারা আইন-শৃঙ্খলা কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | আইন-শৃঙ্খলা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ কানাইঘাট থানাকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, সকল প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধ রয়েছে। আগামী ০৩ জুলাই ২০২৪ তারিখ বিদ্যালয়ে পাঠদান শুরু হবে বলে সভাকে অবহিত করেন। | প্রাথমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ৩০ জুন ২০২৪ ইং তারিখ এইচএসসি পরীক্ষা শুরু হবে কিন্তু পাহাড়ী ঢলে আকস্মিক বন্যার কারণে আগামী ০৯ জুলাই ২০২৪ ইং তারিখ হতে পরীক্ষা শুরু হবে। পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | আগামী ০৯ জুলাই ২০২৪ ইং তারিখ হতে এইচএসসি পরীক্ষা শুরু হবে। পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও রাজস্ব উদ্বৃত্ত/উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি)-২০২৩-২৪ এর আওতায় দাখিলকৃত প্রকল্পগুলোর কাজ সম্পন্ন করা হয়েছে। কিন্তু পাহাড়ী ঢলে আকস্মিক বন্যার কারণে অত্র উপজেলা প্রত্যেক | (ক) পাহাড়ী ঢলে আকস্মিক বন্যার কারণে অত্র উপজেলার সকল ছোট-বড় রাস্তাগুলো দ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়নের ছোট-বড় রাস্তাগুলো ভেঙ্গে গেছে এবং বন্যায় ভেঙ্গে যাওয়া রাস্তাগুলোর নামের তালিকা করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ব এর (ক) কানাইঘাট উপজেলার কৃষকদের মধ্যে আউশ ধানের বীজ বিতরণ বাবদ প্রকল্প = ১,০০,০০০/- ও (খ) কানাইঘাট উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ প্রকল্প ১,০০,০০০/- টাকা এর পরিবর্তে ২০২৪ সালের বন্যায় অত্র উপজেলাধীন বিভিন্ন ক্ষতিগ্রস্ত রাস্তার গর্ত জরুরী ভিত্তিতে ভরাট বাবদ প্রকল্প = ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় জানান যে, পাহাড়ী ঢলে আকষ্মিক বন্যার কারণে অত্র উপজেলার সকল ইউনিয়নের ছোট-বড় পাকা ও মাটির রাস্তা ভেঙ্গে যাওয়ার কারণে জনগণ ও গাড়ী চলাচল করতে পারতেছে না। জরুরী ভিত্তিতে জনগণের স্বার্থে রাস্তাঘাট মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন।<br><br>(ঘ) মেয়র,কানাইঘাট পৌরসভা সভায় জানান যে, পাহাড়ী ঢলে আকষ্মিক বন্যার কারণে সুরমা নদীর তীরবর্তী কানাইঘাট বাজারে পানি ঢুকে ব্যবসায়ীরা ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যায় বাজারের ভিতরে প্রচুর ময়লা আর্বজনায় ভরে গেছে এবং দ্রুত ময়লা আর্বজনা পরিষ্কার কার্যক্রম শুরু হয়েছে বলে সভাকে অবহিত করেন।<br><br>তিনি আরোও জানান যে,পাহাড়ী ঢলে আকষ্মিক বন্যার কারণে পৌরসভার ভিতরে ছোটবড় রাস্তাগুলো ভেঙ্গে গেছে। উক্ত ভেঙ্গে যাওয়া রাস্তাগুলো মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | (খ) উপজেলাধীন বিভিন্ন ক্ষতিগ্রস্ত রাস্তার গর্ত জরুরী ভিত্তিতে ভরাট বাবদ প্রকল্প = ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অনুমোদনের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে খরিপ-২ মৌসুমে অত্র উপজেলায় আমনের বীজতলা তৈরীর কাজ চলমান রয়েছে। বোরো আমন আবাদ বৃদ্ধির লক্ষে প্রণোদনা কর্মসূচির আওতায় ১৫০০ কৃষককে এবং পূর্ণবাসন কর্মসূচির আওতায় ৩৮০ জন কৃষককে ০৫ কেজি বীজ ও ২০ কেজি রাসায়নিক সার প্রদান করা | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হবে। এছাড়াও অত্র উপজেলায় পর্যাপ্ত সার ও বীজ মজুদ রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | | |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, হাওড় ,নদী-নালা, খাল-বিলে স্থায়ী স্থাপনা। স্থিরকৃত জাল অর্থাৎ সূতি জাল খরা জাল/ভেল জাল, চায়না দুয়ারী জাল গড়া জাল,জাগ বা কাঠা ও বানা বা বাঁধ ইত্যাদি নির্মাণ করে মৎস্য আহরণ নিষিদ্ধ। যে কোন আকার ফাঁস/মেশ সাইজের জাল যেমন কোনা জাল,মশারী জাল, চট জাল,কাঁথা জাল,বেড় জাল,ভীম জাল, জগৎ বেড় জাল দ্বারা মাছ ধরা নিষিদ্ধ বলে সভাকে অবহিত করেন। | উপজেলা মৎস্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বন্যা পরবর্তী বিভিন্ন এলাকায় ভেটোনারী মেডিকেল টিম এর আওতায় টিকা প্রদান ও চিকিৎসা প্রদান কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, পাহাড়ী ঢলে ৩ দফা বন্যায় প্লাবিত অত্র উপজেলায় সকল ইউনিয়ন ও পৌরসভার প্লাবিত এলাকা ও আশ্রয়কেন্দ্রে বিতরণকৃত ত্রাণ চাল ১৫৭ মে:টন,শুকনা খাবার ৫৫০ বস্তা,শিশু খাদ্য ১,৬০,০০০/-,গো খাদ্য ১,৬০,০০০/- ও নগদ ৪,৫০,০০০/- টাকা দিয়ে শুকনো খাবার প্রত্যেক ইউনিয়নে ও আশ্রয়কেন্দ্রে বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, চলমান বন্যায় পরিবার পরিকল্পনা কার্যাবলী তথা মাতৃস্বাস্থ্য,শিশুস্বাস্থ্য সেবা প্রদান কিছুটা ব্যহত হচ্ছে। বন্যায় কিছু কিছু পরিবার কল্যাণ কেন্দ্রে প্লাবিত হয়েছে। যেগুলোতে রক্ষিত ক্ষতিগ্রস্ত মালামালের তথ্য জেলা পরিবার কল্যাণ কার্যালয়ে পাঠানো হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, আইসিভিজিডি কর্মসূচির আওতায় ৯৭৭ জন উপকারভোগী রয়েছেন। নির্বাচিত উদ্দীপন এনজিও কর্তৃক উপকারভোগীদের জীবন দক্ষতা ও আয়বর্ধক প্রশিক্ষণের পাশাপশি উদ্যোক্তা তৈরি করার লক্ষ্যে উদ্যোক্ত উন্নয়ন প্রশিক্ষণ সমাপ্ত | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে বলে সভাকে অবহিত করেন। | | |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, তৃণমূল পর্যায়ে দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে অত্র উপজেলা হতে ০২(দুই) জন মোটর ড্রাইভিং প্রশিক্ষণে রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান, উপজেলা পরিষদের ভিতরে বিভিন্ন অফিস আদালত ও বাসাবাড়ীর বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভাকে অবহিত করেন। | উপজেলা পরিষদের ভিতরে বিভিন্ন অফিস আদালত ও বাসাবাড়ীর বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা তথ্য আপা প্রকল্পের আওতাধীন অত্র উপজেলায় প্রতিমাসে ০২( দুই)টি উঠান বৈঠক ও ডোর টু ডোরের মাধ্যমে সেবা প্রদান করা হয় বলে সভাকে অবহিত করেন। | তথ্য আপা প্রকল্পের আওতাধীন ইউনিয়ন ভিত্তিক উঠান বৈঠকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের ধার্যকৃত নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, যুব উন্নয়ন বিভাগ কর্তৃক যুব প্রশিক্ষণ এবং যুবঋণ বিতরণসহ সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, চলতি জুন/২০২৪ মাসে কালিজুরী নামক স্থানে সেগুন বাগানের খালি জায়গায় ১০.০০ হেক্টর ANR বাগান সৃজন কাজ চলমান রয়েছে। ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে সৃষ্ট বন্যায় ২০২১-২২ সানের ২০.০০ কি.মি স্ট্রীপ বাগান ২.০০ কিমি. বাগানের গাছ আনুমানিক ০২(দুই হাজার)টি সুরুইঘাট হইতে আমরীখাল পর্যন্ত ক্ষতিগ্রস্থ হয়েছে সভাকে অবহিত করেন। | উপজেলা বন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বোরো মৌসুমের ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। ইতিমধ্যে ২৫৫ মে.টন ধান সংগ্রহ করা হয়েছে। ধান সংগ্রহ কার্যক্রম ৩১ আগস্ট ২৪ পর্যন্ত চলমান থাকবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট সিলেট এর কার্যক্রম বিভাগীয় নির্দেশ মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে এবং মে ও জুন -২৪ এই দুই মাসে ১১টি দূর্ঘনার মোকাবেলা করেছি এর মধ্যে ০৭টি অগ্নিকান্ড ও ০৪ টি রাস্তা মধ্যে ঝড়ে পড়ে যাওয়া গাছগুলো কেটে রাস্তা সচল করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৪ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৫ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৪২ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৩১ টি এবং ১১ টি মামলা অনিষ্পত্তি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৬ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | করতে হবে। | |
| ২৭ | হাট-বাজার সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার জানান যে,বড়বন্দ বাজার ইজারার ১৪২৯ বাংলা সনের জামানত = ২,২৫৫/-(দুই হাজার দুইশত পঞ্চান্ন)টাকা ও ১৪৩১ বাংলা সনের জামানত = ২,৪০৫/-(দুই হাজার চারশত পাঁচ)টাকা এবং রাজাগঞ্জ বাজার ইজারা ১৪৩০ বাংলা সনের জামানত = ২,৯৮৩/-(দুই হাজার নয়শত তিরাশি)টাকা ও ১৪২৯ বাংলা সনের জামানত = ২,৯০০/- (দুই হাজার নয়শত) টাকা উপজেলা হাট-বাজার খাত হইতে সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের জামানত ফেরত প্রদানের আবেদন পাওয়া গিয়াছে। বাজার ইজারাদারদের জামানত ফেরত দেওয়ার প্রস্তাব উপস্থাপন করেন।। | বড়বন্দ বাজার ইজারার ১৪২৯ বাংলা সনের জামানত = ২,২৫৫/-(দুই হাজার দুইশত পঞ্চান্ন)টাকা ও ১৪৩১ বাংলা সনের জামানত = ২,৪০৫/-(দুই হাজার চারশত পাঁচ)টাকা এবং রাজাগঞ্জ বাজার ইজারা ১৪৩০ বাংলা সনের জামানত = ২,৯৮৩/-(দুই হাজার নয়শত তিরাশি)টাকা ও ১৪২৯ বাংলা সনের জামানত = ২,৯০০/- (দুই হাজার নয়শত) টাকা উপজেলা হাট-বাজার খাত হইতে সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের জামানত ফেরত প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |
| ২৮ | ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট পেশ | সভাপতি জানান, প্রতি বছরের ন্যায় উপজেলা পরিষদের বাজেট পেশ করা হয়। চলতি অর্থ বছরে অর্থাৎ ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট পাঠ করে শুনানো হয়। বিস্তারিত আলোচনান্তে কোন সংশোধনী না থাকায় উপস্থাপিত বাজেট অনুমোদন করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | ২০২৪-২০২৫ অর্থ বছরের উপস্থাপিত বাজেট অনুমোদন করা হলো এবং তা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |
| ২৯ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী বাবদ ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা (গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়; (ঙ)পায়রা কোয়াটার ও নিহারিকা কোয়ার্টার মেরামত বাবদ = ১,১৯,৮১৮/-(এক লক্ষ উনিশ হাজার আটশত আঠার) টাকা;(চ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ= ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>২. উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বারতা বাসভবন জরাজীর্ণ ও দরজা- | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের "বারতা বাসভবন" মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. কানাইঘাট উপজেলা পরিষদের বরাদ্দকৃত সরকারি পাজারো জীপ গাড়ী (যাহার নং সিলেট-ঘ-১১-০২৪৯)গাড়িটি জরুরী ভিত্তিতে অকেজো ঘোষণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কানাইঘাট, সিলেট<br>উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট<br>উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জানালাগুলো ভেঙ্গে যাওয়ার কারণে বাসভবনে বসবাস করার অনুপযোগী হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে বাসভবন মেরামত করা প্রয়োজন।<br>৩. সভাপতি জানান যে, সিলেট থেকে দুরবর্তী ও সীমান্তবর্তী কানাইঘাট উপজেলা হওয়ায় উপজেলা পরিষদের সরকারি পাজারো জীপ গাড়ী(যাহার নং সিলেট-ঘ-১১-০২৪৯)বিগত কিছুদিন থেকে নষ্ট ও বিকল অবস্থায় রয়েছে। গাড়ী দিয়ে প্রশাসনিক ও জনসেবামুলক কাজে চলাচল করা অনুপযোগী বিধায় উক্ত গাড়ীটি জরুরী ভিত্তিতে অকেজো ঘোষণা করা প্রয়োজন এবং নতুন গাড়ী বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br>৪. সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, পাহাড়ী ঢলে আকস্মিক বন্যায় অত্র উপজেলায় সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণ ও ট্যাগ অফিসারগণ বন্যা কবলিত এলাকায় যথারীতি কার্যক্রম চালিয়ে যাচ্ছেন।<br>৫. সভাপতি জানান, পাহাড়ী ঢলে আকস্মিক বন্যায় অত্র উপজেলার প্রত্যেকটি ইউনিয়নে ভেঙ্গে যাওয়া ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো জরুরী ভিত্তিতে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪. অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নে পাহাড়ী ঢলে বন্যায় ক্ষতিগ্রস্থ ছোট-বড় পাকা ও মাটি রাস্তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী<br>ও<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মস্তাক আহমদ পলাশ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

CamScanner

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.০২(৩৭)

তারিখ: ১২ আষাঢ় ১৪৩১
২৬ জুন ২০২৪

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান ---------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব -------------------------------------- কানাইঘাট, সিলেট
১২। অফিস কপি

২৬।০৬।২০২৪

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ হুছামুদ্দীন চৌধুরী | মাননীয় সংসদ সদস্য, ২৩৩, সিলেট-৫ | স্বাক্ষরিত |
| ০২ | জনাব ফারজানা নাসরীন | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব হাফিজ মৌ: আলতাফ হোসেন | ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব রোকসানা জাহান | ভাইস চেয়ারম্যান (মহিলা) ,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব শামসুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব ডাঃ সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব বিশ্বজিৎ রায় | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো: সফিকুল ইসলাম ভুঁইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মো: জাহাঙ্গীর হোসেন | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব রকিবুল ইসলাম তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলে | স্বাক্ষরিত |
| ২০ | জনাব নুর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব ডা: আব্দুল্লাহ আল গালিব | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ আব্দুল আওয়াল | প্রতিনিধি উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব শামছুন্নাহার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব মো : আলী আক্তার চৌধুরী | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব মো: কামরুজ্জামান | প্রতিনিধি উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩২ | জনাব মো: এনামুল হক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩৩ | জনাব আব্দুর কাদির | উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩৪ | জনাব মোহাম্মদ ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ পরিচালন উন্নয়ন প্রকল্প,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩৫ | জনাব ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |

CamScanner